

বিভিন্ন বেসরকারি বিশ্ববিদ্যালয়-স্কুলে অনলাইনে ক্লাস নেওয়ার সিদ্ধান্ত

অনলাইন ডেক্স

১২ নভেম্বর ২০২৫, ০৮:৩০ পিএম



প্রতীকী

বৃহত্বার (১২ নভেম্বর) ও বৃহস্পতিবার (১৩ নভেম্বর) অনলাইনে ক্লাস নেওয়ার সিদ্ধান্ত নিয়েছে কয়েকটি বেসরকারি বিশ্ববিদ্যালয় ও ইংরেজি মাধ্যম স্কুল। আবার কোনো কোনো বেসরকারি বিশ্ববিদ্যালয় প্রথমে অনলাইনে ক্লাস নেবে বলে জানালেও পরে তা প্রত্যাহার করে নিয়মিত ক্লাস নেওয়ার কথা জানায়। পাশাপাশি অনিবার্য কারণে এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে প্রতিষ্ঠানগুলোর লিখিত নোটিশেও বলা হয়েছে।

ইষ্ট ওয়েস্ট ইউনিভার্সিটির ওয়েবসাইটে মঙ্গলবার (১১ নভেম্বর) বলা হয়, ১২ ও ১৩ নভেম্বর অনলাইনে ক্লাস হবে। এই সময়ে পূর্বনির্ধারিত কোনো পরীক্ষাও নেওয়া হবে না। ১৩ নভেম্বর কর্মকর্তা-কর্মচারীরা বাসা থেকে কাজ করবেন।

নর্থ সাউথ ইউনিভার্সিটি প্রথম অনলাইনে ক্লাস নেওয়ার কথা বললেও পরে তা প্রত্যাহার করে। শান্ত-মারিয়াম ইউনিভার্সিটি অব ক্রিয়েটিভ টেকনোলজি মঙ্গলবার এক জরুরি নোটিশে বলেছে, পরীক্ষাসহ ১২ ও ১৩ নভেম্বরের সব ক্লাস ও পরীক্ষা অনিবার্য কারণে স্থগিত করা হয়েছে। সার্বিক পরিস্থিতি পর্যবেক্ষণ করে আগামীকাল সন্ধ্যায় পরবর্তী দিনের (১৪ নভেম্বর) ক্লাস ও পরীক্ষার বিষয়ে সিদ্ধান্ত জানানো হবে। এ ছাড়া পরবর্তী নির্দেশনা না দেওয়া পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের শাটল সার্ভিস ও সব রুটের বাস সার্ভিস বন্ধ থাকবে। তবে ১২ ও ১৩ নভেম্বর বিশ্ববিদ্যালয়ের সব দণ্ডন সকাল নয়টা থেকে বিকেল তিনটা পর্যন্ত খোলা থাকবে।

ওয়ার্ল্ড ইউনিভার্সিটি অফ বাংলাদেশ ১২ নভেম্বর থেকে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত তাদের ক্যাম্পাসে সব ক্লাস অনলাইনে চলবে। মঙ্গলবার থেকেই বিশ্ববিদ্যালয়ের বাস চলাচলও বন্ধ রাখা হয়েছে। ড্যাফোডিল ইন্টারন্যাশনাল স্কুল একই রকম সিদ্ধান্ত নিয়েছে।

মোহাম্মদপুরের সেন্ট ঘোসেফ উচ্চমাধ্যমিক বিদ্যালয় আগামীকাল অনলাইনে ক্লাস নেবে। অনলাইনে ক্লাস নেওয়ার সময়সূচি ও ঘোষণা করেছে শিক্ষাপ্রতিষ্ঠানটি।

নিউ ইঞ্জিনিয়ারিং এজিঞ্চার স্কুল নিরাপত্তাজনিত সমস্যার কথা উল্লেখ করে বৃহস্পতিবার স্কুল বন্ধ ঘোষণা করেছে। ইংরেজি মাধ্যম স্কুল সানিডেইল বুধবার ও বৃহস্পতিবার অনলাইনে ক্লাস নেওয়ার সিদ্ধান্ত নিয়েছে।

কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের বৃহস্পতিবারের (১৩ নভেম্বর) ‘ঢাকা লকডাউন’ কর্মসূচিকে কেন্দ্র করে জনমনে সৃষ্টি আতঙ্কের মধ্যে এমন সিদ্ধান্ত এসেছে। এদিন, আন্তর্জাতিক অপরাধ ট্রাইবুনালে জুলাই গণ-অভ্যর্থনারে সময় সংঘটিত মানবতাবিরোধী অপরাধের ঘটনায় ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনাসহ তিনি আসামির বিরুদ্ধে করা মামলার রায় কবে হবে, তা ঘোষণা করা হবে।

উল্লেখ্য, গত তিনি দিনে ঢাকা, গাজীপুর, ময়মনসিংহসহ দেশের বিভিন্ন স্থানে বাসে অগ্নিসংযোগ, ককটেল ও পেট্রল বোমা বিস্ফোরণের ঘটনা ঘটেছে। এর মধ্যে শান্ত-মারিয়াম ইউনিভার্সিটি অব ক্রিয়েটিভ টেকনোলজির একটি বাসও রয়েছে। উদ্ভূত পরিস্থিতি নিয়ন্ত্রণে এবং আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে সরকার আজ ঢাকা ও এর পার্শ্ববর্তী জেলাগুলোতে ১৪ প্লাটুন বিজিবি (বর্ডার গার্ড বাংলাদেশ) মোতায়েন করেছে।